রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২২ তারিখ: ১১.০৯.২০২২

বিষয়: ‘বিশেষ কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম’ পরিচালনার নীতিমালা।

কৃষি খাতে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে সর্ববৃহৎ উন্নয়ন অংশীদার হিসেবে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) প্রতিষ্ঠালগ্ন থেকেই সর্বস্তরের জনগণের চাহিদানুযায়ী ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। সরকারের টেকসই উন্নয়ন অভীষ্ট্যসমূহ নিশ্চিতকরণের লক্ষ্যে ইতিবাচক ভূমিকা পালনে রাকাব বহুমুখী কর্মকান্ড পরিচালনা করে থাকে। রাজশাহী ও রংপুর বিভাগে কৃষিভিত্তিক কর্মকান্ড তরান্বিতকরণ ও সম্প্রসারণের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি এবং খাদ্য উৎপাদন বৃদ্ধি তথা খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের প্রত্যয়ে ‘বিশেষ কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম’ পরিচালনার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত রাষ্ট্রীয় গ্যারান্টির বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে এ ব্যাংকের অনুকূলে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকার তহবিল বরাদ্দ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে ২৫.০৮.২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে একটি দ্বিপাক্ষিক অংশগ্রহণ চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। উল্লিখিত চুক্তিপত্রের শর্তাবলীর অনুবৃত্তি এবং ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে ‘বিশেষ কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম’ পরিচালনা সংক্রান্ত নিম্নরুপ নীতিমালা জারী করা হলো:

০১। **কর্মসূচীর নাম :** ‘বিশেষ কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম’।

০২। **তহবিলের উৎস :** বাংলাদেশ ব্যাংক।

০৩। **তহবিলের মেয়াদ :**
প্রাথমিকভাবে আলোচ্য তহবিলের মেয়াদ ০৩ বছর। তবে রাষ্ট্রীয় গ্যারান্টির মেয়াদের মধ্যে পুনরায় ঋণ প্রাপ্তির জন্য ব্যাংক কর্তৃক আবেদন করা যাবে।

০৪। **তহবিলের পরিমাণ :**
তহবিলের পরিমাণ ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা। ১ম কিস্তি বাবদ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা ছাড় করা হয়েছে (জোন পর্যায়ে বরাদ্দকৃত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা সংযোজনী-‘ক’-তে দেখানো হলো)।

০৫। **গ্রাহক পর্যায়ে ঋণের খাত :**
(ক) স্বল্প মেয়াদী খাত: শস্য, মৎস্য সম্পদ উন্নয়ন, গরু/মহিষ মোটাতাজাকরণ, শস্য গুদাম এবং বাজারজাতকরণ, কৃষি খাতে চলতি মূলধন ঋণ এবং অন্যান্য স্বল্প মেয়াদী কৃষি ভিত্তিক ঋণ কার্যক্রম।

(খ) মধ্য মেয়াদী খাত: নার্সারি এবং হর্টিকালচারাল শস্য, জলমহাল ব্যবস্থাপনা, প্রাণিসম্পদ উন্নয়ন, কৃষি ও সেচ যন্ত্রপাতি, গ্রামীণ পরিবহণ (নৌকা, রিকশা, ভ্যান, গরুর গাড়ি ইত্যাদি) এবং আয় উৎসারী কর্মকান্ড (কৃষি ভিত্তিক কার্যক্রম)।

০৬। **ঋণ প্রাপ্তির যোগ্যতা/অযোগ্যতা :**
(ক) কৃষি কাজে সরাসরি নিয়োজিত প্রকৃত কৃষকগণ এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন। পল্লী অঞ্চলে বৈধ আয় উৎসারী কর্মকান্ডে জড়িত ব্যক্তিবর্গকে এই তহবিলের আওতায় ঋণ সুবিধা প্রদান করা যাবে। ক্ষুদ্র, প্রান্তিক কৃষক ও বর্গাচাষীসহ অন্যান্য কৃষকদেরকে একক/গ্রুপ ভিত্তিতে এ তহবিলের আওতায় কৃষি ঋণ প্রদান করা যাবে;

(খ) রাজাশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অথবা অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী গ্রাহক এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য মর্মে বিবেচিত হবেন না;

(গ) একই ব্যক্তি/প্রতিষ্ঠান একাধিক প্রকল্পে ঋণ প্রাপ্তির জন্য অযোগ্য মর্মে বিবেচিত হবেন; এবং

(ঘ) গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণের ক্ষেত্রে বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী কৃষি খাতে ২.৫০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণ বিতরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে সিআইবি রিপোর্ট গ্রহণ করতে হবে।

(চলমান পাতা-০২)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২২ তারিখ: ১১.০৯.২০২২

০৭। **গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ :**
গ্রেস পিডরয়ডসহ ঋণের মেয়াদ, ঋণের ধরণ ও খাত নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান 'কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী' যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৮। **গ্রাহক পর্যায়ে সুদ হার :**
(ক) গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হার হবে সর্বোচ্চ ৮% (বাৎসরিক ভিত্তিতে অথবা ঋণের মেয়াদান্তে সরল হারে আরোপযোগ্য)।
(খ) ঋণ পরিশোধের নির্ধারিত সময়ের মধ্যে আদায় না হলে মেয়াদান্তে অনাদায়ী স্থিতির উপর ব্যাংকের স্বাভাবিক সুদ হার প্রযোজ্য হবে।

০৯। **গ্রাহক পর্যায়ে ঋণ সীমা :**
একক গ্রাহকের ক্ষেত্রে সর্বোচ্চ ঋণ সীমা ১০.০০ (দশ) লক্ষ টাকা মাত্র।

১০। **ঋণ মঞ্জুরি ক্ষমতা :**
এ তহবিলের আওতায় ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৫ম অধ্যায়ে বর্ণিত ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতার যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

১১। **ঋণ পরিশোধ :**
(ক) গ্রাহক পর্যায়ে:
(১) স্বল্প মেয়াদী খাত: ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ (অপশোনাল) মেয়াদান্তে আদায়যোগ্য।
(২) মধ্য মেয়াদী খাত: ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ (অপশোনাল) ত্রৈমাসিক কিস্তিতে আদায়যোগ্য।
অর্থাৎ ঋণের খাত ও ধরণ বিবেচনাপূর্বক বিদ্যমান 'কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী' মোতাবেক ঋণ পরিশোধসূচী নির্ধারণ করতে হবে।
(খ) ব্যাংক পর্যায়ে: বাংলাদেশ ব্যাংক হতে গৃহিত ঋণের উপর বৎসরান্তে ৪% হারে সুদ প্রদান করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত ঋণের মেয়াদান্তে (২৬.০৭.২০২৫ তারিখের মধ্যে) উক্ত ঋণের সুদসহ সমুদয় আসল বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করতে হবে।

১২। **শিডিউল অব চার্জ/অন্যান্য চার্জ :**
এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের ক্ষেত্রে ঋণ প্রক্রিয়াকরণ/মূল্যায়ন ফি, এসএমএস ফি অথবা অন্য কোনো প্রকার ফি/চার্জ কর্তন করা যাবে না;

১৩। **ঋণের ডকুমেন্টেশন :**
(ক) আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের ডকুমেন্টেশন এর ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১২ নম্বর অধ্যায়ের ১২.১৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাবলী যথাযথ অনুসরণ ও পরিপালন করতে হবে।
(খ) স্ট্যাম্প ডিউটি ও দলিলায়নের ক্ষেত্রে অর্থ আইন-২০২২ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৪। **হিসাব সংরক্ষণ :**
(ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত প্রতিটি ঋণের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।
(খ) বিতরণকৃত ঋণের হিসাবসমূহ নিম্নবর্ণিত প্রোডাক্ট কোড এর মাধ্যমে পরিচালনা করতে হবে:

বিবরণ	Product Code	Name of Account
(ক) স্বল্প মেয়াদী	568	Special Agri & Rural Credit Program (ST)
(খ) মধ্যমেয়াদী	617	Special Agri & Rural Credit Program (MT)

(চলমান পাতা-০৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২২ তারিখ: ১১.০৯.২০২২

১৫। **রিপোর্টিং :**

(ক) এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্যাদি মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে। বিধায়, শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী এবং ব্যাংকের CBS সফটওয়ারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিত সরবরাহ/দাখিল করতে হবে।

(খ) শাখাসমূহ এতদসংক্রান্ত ঋণ বিতরণের বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী-খ) প্রয়োজনীয় তথ্যাদিসহ (জাতীয় পরিচয়পত্র, ঋণ মঞ্জুরিপত্র, লেনদেন বিবরণী ইত্যাদি) প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে দাখিল করবে।

(গ) জোনাল কার্যালয়সমূহ উল্লিখিত বিবরণী সংকলনপূর্বক এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

(ঘ) জোনসমূহ থেকে আলোচ্য বিবরণী যথাসময়ে না পাওয়ার কারণে বাংলাদেশ ব্যাংকের তহবিল ছাড়করণের ক্ষেত্রে কোনরূপ বিরূপ পরিস্থিতির সৃষ্টি হলে এতদসংক্রান্ত আর্থিক দায়ভার সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকদের উপর বর্তাবে।

১৬। **অন্যান্য শর্তাবলী :**

(ক) শাখা/জোন পর্যায়ে এ কর্মসূচীর আওতায় বরাদ্দকৃত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা চলতি ২০২২-২০২৩ অর্থবছরে ব্যাংকের জন্য কৃষি ও পল্লী খাতে বরাদ্দকৃত ১৯০০.০০ (এক হাজার নয়শত) কোটি টাকার আওতাভুক্ত হবে। উল্লেখ্য, আলোচ্য তহবিল হতে ফারমার্স ক্রেডিট লিমিট খাতে ঋণ বিতরণ করা যাবে না।

(খ) বাংলাদেশ ব্যাংকের নিকট হতে তহবিলের প্রাপ্যতা সীমা বিবেচনায় সংশ্লিষ্ট জোন/শাখার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী এ তহবিলের আওতায় ঋণ বিতরণ করতে হবে। প্রধান কার্যালয়ের পূর্বানুমোদন ব্যতিরেকে নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত ঋণ বিতরণ করা যাবে না।

(গ) এ তহবিলের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণগ্রহীতার যোগ্যতা নিরুপণ, ঋণের জামানত, ঋণ বিতরণ, ঋণের সদ্ব্যবহার, তদারকি এবং আদায়ের ক্ষেত্রে 'কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী', 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং ব্যাংকের বিদ্যমান এতদসংক্রান্তঅন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(ঘ) গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সতর্কতা অবলম্বন করতে হবে এবং প্রজ্ঞা ও বিচক্ষণতার সাথে ঋণের খাত নির্ধারণ করতে হবে।

(ঙ) এ তহবিলের আওতায় গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ কোনক্রমেই গ্রাহকের বকেয়া ঋণ সমন্বয়ের জন্য ব্যবহার করা যাবে না।

(চ) **গ্রাহকের পুরাতন ঋণ সমন্বয়ের পর ন্যূনতম ০৩ (তিন) দিনের মধ্যে নতুন ঋণ বিতরণ/অবমুক্ত করা যাবে না।**

(ছ) ঋণের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপক ফলপ্রসু তদারকির যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এ তহবিলের আওতায় ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার যাচাই করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ এ তহবিলের আওতায় দৈবচয়ন (Random Sampling) ভিত্তিতে এ ঋণের সদ্ব্যবহার যাচাই করবেন। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম/সংশ্লিষ্ট বিভাগ (ঋণ ও অগ্রিম বিভাগ-১) কর্তৃক সময়ে সময়ে এতদসংক্রান্ত ঋণ কার্যক্রম পরিদর্শনসহ ঋণের সদ্ব্যবহার যাচাই করা হবে।

(জ) গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী শাখার উপর ন্যস্ত থাকবে।

(ঝ) এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণ যেন কোনক্রমেই খেলাপী না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বিশেষভাবে তৎপর থাকতে হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে বিতরণকৃত ঋণের অর্থ যথাসময়ে আদায় নিশ্চিতকল্পে যথযথ মনিটরিং এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

(চলমান পাতা-০৪)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২২ তারিখ: ১১.০৯.২০২২

(ঞ) এ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের অর্থ বা এর কোন অংশের সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে উক্ত পরিমাণ অর্থের উপর নির্ধারিত হারের অতিরিক্ত ৪% হারে সুদসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায় করা হবে। এহেন পরিস্থিতির উদ্ভব হলে এতদসংক্রান্ত দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

(ট) আলোচ্য তহবিলের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপরোল্লিখিত নীতিমালার শর্তাদির বিষয়ে পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোনরূপ সংযোজন/বিয়োজন/সংশোধন/পরিমার্জন করা হলে যথারীতি তা অনুসরণ করতে হবে।

এতদবিষয়ে কোনো ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: বর্ণনানুসারে।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

১১.০৯.২০২২

(মোঃ বেল্লাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ঋওঅবি-১/৩৭১(২০০০ কোটি টাকার ঋণ)/২০২২-২০২৩/২১৯ তারিখঃ ১১.০৯.২০২২

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। (উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। অধ্যক্ষ রাকাব, প্রশিক্ষণ ইনিস্টিটিউট, রাজশাহী।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

R. Afroz.
১১.০৯.২০২২
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ঋণ ও অগ্রিম বিভাগ-১

প্রধান কার্যালয়, রাজশাহী

(সংযোজনী-ক)

বিশেষ কৃষি ও পল্লী ঋণ কার্যক্রমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা
০১	রাজশাহী	১৫০০.০০
০২	নওগাঁ	১৫০০.০০
০৩	নাটোর	১৩৫০.০০
০৪	চাঁপাইনবাবগঞ্জ	১৩৫০.০০
০৫	বগুড়া (উত্তর)	১৩০০.০০
০৬	বগুড়া (দক্ষিণ)	১৩০০.০০
০৭	জয়পুরহাট	১৩৫০.০০
০৮	পাবনা	১৩৫০.০০
০৯	সিরাজগঞ্জ	১৩৫০.০০
	উপ-সমষ্টি	১২৩৫০.০০
১০	রংপুর	১৫০০.০০
১১	গাইবান্ধা	১৩৫০.০০
১২	কুড়িগ্রাম	১৩৫০.০০
১৩	নীলফামারী	১৩৫০.০০
১৪	লালমনিরহাট	১৩৫০.০০
১৫	দিনাজপুর (উত্তর)	১৩০০.০০
১৬	দিনাজপুর (দক্ষিণ)	১৩০০.০০
১৭	ঠাকুরগাঁও	১৩৫০.০০
১৮	পঞ্চগড়	১৩০০.০০
	উপ-সমষ্টি	১২১৫০.০০
১৯	এলপিও, রাজশাহী	৫০০.০০
	সমষ্টি	২৫০০০.০০

*উল্লেখ্য, আগামী ৩১.১২.২০২২ তারিখের মধ্যে আলোচ্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

(মোঃ রেজাশাহ ওমর চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ঋণ ও অগ্রিম বিভাগ-১

প্রধান কার্যালয়, রাজশাহী

(সংযোজনী-খ)

বিশেষ কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত ১০০০.০০ কোটি (এক হাজার) টাকা ঋণের বিপরীতে রাকাব কর্তৃক মাঠ পর্যায়ে কৃষি ঋণ বিতরণ ও আদায়ের মাসিক বিবরণী

ক্র: নং	শাখা ও জোনের নাম	গ্রাহকের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর	জেলার নাম	গ্রাহকের জাতীয় পরিচয়পত্র নম্বর	গ্রাহকের হিসাব নম্বর	গ্রাহকের ধরণ (ব্যক্তি/প্রতিষ্ঠান)		বিতরণকৃত ঋণের খাত	বিতরণকৃত ঋণের পরিমাণ	সুদের হার	ঋণ বিতরণের তারিখ	আদায় এর তারিখ	মন্তব্য
						নতুন	পুরাতন (ব্যাংক হতে ইতোপূর্বে কোন ঋণ সুবিধা গ্রহণ করলে)						

প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর
প্রস্তুতকারী কর্মকর্তার নাম:
প্রস্তুতকারী কর্মকর্তার পদবী:
প্রস্তুতকারী কর্মকর্তার মোবাইল নম্বর:

যাচাইকারী কর্মকর্তার স্বাক্ষর
যাচাইকারী কর্মকর্তার নাম:
যাচাইকারী কর্মকর্তার পদবী:
যাচাইকারী কর্মকর্তার মোবাইল নম্বর:

স্বাক্ষর
(--------------)
জোনাল ব্যবস্থাপক
মোবাইল নম্বর: